

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়  
গণগ্রন্থাগার অধিদপ্তর  
শাহবাগ, ঢাকা।  
www.publiclibrary.gov.bd, Fax # 58611775

বিভাগীয় সরকারি গণগ্রন্থাগার, সিলেট			
ডায়েরী নং	তারিখ:	সংখ্যা	
লাইব্রেরিয়ান	অতি কক্ষিক	কক্ষিক	সংরক্ষণ
অতি পত্র	নথিতে দিন	কথা বহন	সংরক্ষণ করুন
বিভাগ নির্দেশ			উপর পরিঃ থাকবে

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্মদিবস ও জাতীয় শিশু দিবস এবং স্বাধীনতা ও জাতীয় দিবস উদ্‌যাপন উপলক্ষে  
চিত্রাংকন, গল্প বলা ও রচনা প্রতিযোগিতা-২০১৯।

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্মদিবস ও জাতীয় শিশু দিবস এবং স্বাধীনতা ও জাতীয় দিবস উদ্‌যাপন উপলক্ষে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের অধীন গণগ্রন্থাগার অধিদপ্তরের নিয়ন্ত্রণাধীন সুফিয়া কামাল জাতীয় গণগ্রন্থাগার, ঢাকা এবং বিভাগীয়, জেলা ও উপজেলা সরকারি গণগ্রন্থাগারে নিম্নোক্ত প্রসঙ্গে চিত্রাংকন, গল্প বলা ও রচনা প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে। এ উপলক্ষে আগ্রহী সকলকে যোগ্যতা অনুযায়ী প্রতিযোগিতার অংশগ্রহণের জন্য আহ্বান জানানো যাচ্ছে।

ক) ১৭ মার্চ বঙ্গবন্ধুর জন্ম দিবস উপলক্ষে চিত্রাংকন প্রতিযোগিতা :

ক্র.নং	গ্রন্থ	বয়সসীমা	চিত্রাংকন প্রতিযোগিতার বিষয়
১.	ক	অনুর্ধ্ব-৭ বছর	উন্মুক্ত
২.	খ	অনুর্ধ্ব-১২ বছর	জাতির পিতা বঙ্গবন্ধু

খ) গল্প বলা প্রতিযোগিতা :

- ১। গ্রন্থ- 'ক' - ১ম থেকে ৪র্থ শ্রেণি পর্যন্ত
- ২। গ্রন্থ- 'খ' - ৫ম থেকে ৮ম শ্রেণি পর্যন্ত

গ) ২৬ মার্চ স্বাধীনতা ও জাতীয় দিবস উপলক্ষে রচনা প্রতিযোগিতা :

ক্র.নং	গ্রন্থ	শ্রেণি	রচনা প্রতিযোগিতার বিষয়	স্বয়ংসীমা
১.	'ক'	প্রথম-অষ্টম	শিশুদের বন্ধু বঙ্গবন্ধু	১০০০
২.	'খ'	নবম-দ্বাদশ	বঙ্গবন্ধু : মুক্তাঙ্গরী মহানায়ক	১২০০
৩.	'গ'	স্নাতক-স্নাতকোত্তর	চিরঞ্জীব শেখ মুজিব	১৫০০
৪.	'ঘ'	সর্বসাধারণ	কবিতা ও গানে স্বাধীনতা সংগ্রাম	১৮০০

চিত্রাংকন প্রতিযোগিতা বিষয়ে জ্ঞাতব্য : চিত্রাংকন প্রতিযোগিতা সুফিয়া কামাল জাতীয় গণগ্রন্থাগার, শাহবাগ, ঢাকায় এবং অন্যান্য বিভাগ, জেলা ও উপজেলা সরকারি গণগ্রন্থাগারে ১৩.০৩.২০১৯ তারিখ বিকেল ৩.০০ টায় অনুষ্ঠিত হবে।

গল্প বলা প্রতিযোগিতা বিষয়ে জ্ঞাতব্য : গল্প বলা প্রতিযোগিতা সুফিয়া কামাল জাতীয় গণগ্রন্থাগার, শাহবাগ, ঢাকায় এবং অন্যান্য বিভাগ, জেলা ও উপজেলা সরকারি গণগ্রন্থাগারে ১৮.০৩.২০১৯ খ্রিঃ তারিখ বেলা ৩.০০ টায় অনুষ্ঠিত হবে।

রচনা প্রতিযোগিতা বিষয়ে জ্ঞাতব্য : রচনা প্রতিযোগিতায় ঢাকা মহানগর ও ঢাকা জেলার প্রতিযোগীকে বহুতে লিখিত রচনা সুফিয়া কামাল জাতীয় গণগ্রন্থাগার, ১০ কাজী নজরুল ইসলাম এভিনিউ, শাহবাগ, ঢাকা অফিসে এবং অন্যান্য বিভাগ, জেলা ও উপজেলার প্রতিযোগীকে সংশ্লিষ্ট বিভাগীয়, জেলা ও উপজেলা (কেন্দ্রীয় দেওয়ানগঞ্জ ও বকশীগঞ্জ উপজেলা, জেলা-আমালপুর এবং টুঙ্গিপাড়া উপজেলা, জেলা-গোপালগঞ্জ) সরকারি গণগ্রন্থাগারে জমা দিতে হবে। রচনা জমা দেয়ার শেষ তারিখ ২৫.০৩.২০১৯।

শর্তাবলী:

১. রচনা A4 আকারের সাদা কাগজে বহুতে প্রতি পাতার এক দিকে লিখতে হবে, উভয় দিকে লেখা যাবে না।
২. ছাত্রছাত্রীদের রচনা স্ব স্ব শিক্ষা প্রতিষ্ঠান প্রধান কর্তৃক এবং অন্যান্য প্রতিযোগীর রচনা জাতীয় পরিচয়পত্রের কটোকপি অথবা প্রথম শ্রেণির কর্মকর্তা কর্তৃক প্রত্যয়নসহ জমা দিতে হবে।
৩. রচনার অবশ্যই জ্ঞাপনকারীর নাম, পিতা ও মাতার নাম, ঠিকানা এবং মোবাইল নম্বর উল্লেখ করতে হবে।
৪. রচনার লক্ষসংখ্যা নির্ধারিত সীমার অধিক হলে তা মূল্যায়নের জন্য বিবেচিত হবে না।
৫. গল্প বলা বিষয় বঙ্গবন্ধুকে নিবেদিত হতে হবে।
৬. চিত্রাংকন প্রতিযোগিতায় অংশগ্রহণের প্রত্যেক প্রতিযোগীকে ১২.০৩.২০১৯ তারিখের মধ্যে সংশ্লিষ্ট গণগ্রন্থাগারে রেজিস্ট্রেশন করতে হবে। রেজিস্ট্রেশনের সময় বয়স প্রমাণের জন্য জন্ম সনদের সত্যায়িত কপি দাখিল করতে হবে। প্রতিযোগিতায় অংশগ্রহণকারীদের কাগজ/আর্ট পেপার ব্যতীত চিত্রাংকনের জন্য প্রয়োজনীয় অন্যান্য উপকরণ নিজ দায়িত্বে সশ্রমে আনতে হবে।

(খানীশ কুমার সরকার)  
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)  
ফোন: ৯৬৭১২৩৪  
e-mail: dg.dpl.2012@gmail.com  
তারিখ: ২৫.০৩.২০১৯  
২৫.০৩.২০১৯

নং-৪৩.২৬.০০০০.০০২.২৩.১৪৯.০৯. ১৪৮/১৩(৭৬)

- সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যে অঙ্গুলিপি প্রেরণ করা হল :
১. পরিচালক, গণগ্রন্থাগার অধিদপ্তর, শাহবাগ, ঢাকা।
  ২. প্রিন্সিপাল লাইব্রেরিয়ান-কাম-উপপরিচালক, গণগ্রন্থাগার অধিদপ্তর, শাহবাগ, ঢাকা।
  ৩. প্রিন্সিপাল লাইব্রেরিয়ান (উপপরিচালক), গণগ্রন্থাগার অধিদপ্তর, শাহবাগ, ঢাকা।
  ৪. প্রিন্সিপাল লাইব্রেরিয়ান-কাম-উপপরিচালক, বিভাগীয় সরকারি গণগ্রন্থাগার, চট্টগ্রাম/রাঙ্গামাটি/খুলনা/বরিশাল/সিলেট/রংপুর/বরগনাসিংহ।
  ৫. লাইব্রেরিয়ান/সহকারী লাইব্রেরিয়ান, জেলা/উপজেলা সরকারি গণগ্রন্থাগার, .....

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বিভাগীয় সরকারি গণগ্রন্থাগার  
সিলেট।

(এ এইচ এম কাননুজ্জামান)  
লাইব্রেরিয়ান  
ফোন : ৫৮৬১৭০১৭

নং- ৪৩.৬০.০০৯১.০০১.২৩.০০১.১৮. ১১৬ /১(২০০)

২২/১১/১৪২৫ ৪ঃ  
তারিখ: ০৬/০৩/২০১৯ খ্রিঃ

উপবৃত্ত জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্ম দিবস ও জাতীয় শিশু দিবস এবং স্বাধীনতা ও জাতীয় দিবস উদ্‌যাপন উপলক্ষে বিভাগীয় সরকারি গণগ্রন্থাগার, সিলেট এ রচনা ২৫.০৩.২০১৯ খ্রিস্টাব্দ তারিখের মধ্যে জমা দেয়া যাবে এবং চিত্রাংকন প্রতিযোগিতা ১৩.০৩.২০১৯ খ্রিস্টাব্দ তারিখ বেলা ০৩.০০ টায় এ গল্প বলা প্রতিযোগিতা ১৮.০৩.২০১৯ খ্রিস্টাব্দ তারিখ বেলা ০৩.০০ টায় এ দুটো অনুষ্ঠিত হবে। বিস্তারিত তথ্যের জন্য ফোন নং ০৮২১ ৭২৮১৭৮, শনিবার থেকে বুধবার (সকাল ১০.০০ থেকে সন্ধ্যা ০৬.০০ টা) যোগাযোগ করা যেতে পারে।

প্রতিযোগীদের অংশগ্রহণে উৎসাহকরণের নিমিত্তে আপনার প্রতিষ্ঠানের শ্রেণি কক্ষে/নোটিশ বোর্ডের মাধ্যমে প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

প্রতি: .....

(দিলীপ কুমার সাহা)  
সহকারী পরিচালক  
ফোন: ০১৭১২ ০৩০৮৬০